সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ)
Integrated Community Development Association

# নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র নং- ICDA/B/ADMIN-37/08/2025/23 তারিখ ঃ ২১/০৪/২০২৫

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির সনদ প্রাপ্ত (সনদ নং-০০৬১৫-০৩১৪৭-০০২৮৯) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে পরিচালিত সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ)'র ক্ষুদ্রঋণ সেবা কার্যক্রমে নিম্নে বর্ণিত পদ সমূহে কাজ করতে আগ্রহী নারী ও পুরুষ প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষানবিশকালে বেতনভাতা (সর্বসাকুল্যে) | শিক্ষানবিশকাল শেষে বেতনভাতা (সর্বসাকুল্যে) |
|---|---|---|---|---|---|
| ০১ | শাখা ব্যবস্থাপক | ০৫ | স্নাতকোত্তর (অভিজ্ঞদের শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য) | ১৮,৩৮০/- | ২৪,৩৮০/- |
| ০২ | হিসাবরক্ষক | ০৩ | ন্যূনতম স্নাতক (বানিজ্য) | ১৪,৪৮০/- | ১৯,৫৮০/- |
| ০৩ | মাঠ কর্মকর্তা | ১০ | ন্যূনতম এইচ.এস.সি/সমমান | ১৩,৬৮০/- | ১৮,১৮০/- |

**সংস্থা প্রদত্ত অন্যান্য সুযোগ-সুবিধাঃ**

১. সংস্থার নীতিমালানুযায়ী বছরে ২টি উৎসব বোনাস সুবিধা।

২. স্থায়ীকরণের পর সংস্থার নীতিমালানুযায়ী প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, বৈশাখি ভাতা, ইনক্রিমেন্ট ও কাজের মূল্যায়নের ভিত্তিতে প্রমোশনের সুবিধা। এছাড়া মটরসাইকেল চালনার ক্ষেত্রে বৈধ লাইসেন্সধারী কর্মী/কর্মকর্তাকে ৮০০/- (আটশত) টাকা মটরসাইকেলের মেইনটেনেন্স খরচ প্রদান করা হয়ে থাকে।

৩. সংস্থার নীতিমালানুযায়ী শুধুমাত্র কর্মী-কর্মকর্তাদের কর্মস্থলে সংস্থার অর্থায়নে আবাসন সুবিধা (শাখা অফিসের পুরুষ কর্মীদের জন্য প্রযোজ্য) ও মধ্যাহ্নভোজের সুবিধা রয়েছে। বাড়ি ভাড়ার ক্ষেত্রে মফস্বলে মূল বেতনের ৫০% এবং শহরে মূল বেতনের ৬০% প্রযোজ্য।

৪. সংস্থার নীতিমালানুযায়ী প্রভিডেন্ট ফান্ড ঋণ ও মোটর সাইকেল ঋণ সুবিধা রয়েছে।

৫. দুর্ঘটনা ও অসুস্থতায় কর্মী কল্যাণ তহবিল হতে আর্থিক সুবিধা প্রদান করা হয়।

**শর্তাবলীঃ**

১. শিক্ষানবীশকাল হবে সর্বনিম্ন ০৩ মাস। শিক্ষানবিশকাল শেষে মূল্যায়নের ভিত্তিতে নিয়মিতকরণের মাধ্যমে অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।

২. আবেদনপত্রের সাথে প্রার্থীকে অবশ্যই পূর্ণ জীবন বৃত্তান্ত (মোবাইল নম্বরসহ), সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ০২ কপি সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি, চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি এবং জাতীয় পরিচয়পত্র (NID)'র সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

৩. লিখিত ও মৌখিক পরীক্ষার সময় সকল মূল সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।

**৪. ০১ নং ও ০২ নং পদের জন্য কম্পিউটার ও মটর সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।**

**৫. ০১ নং পদের জন্য পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগী সংস্থায় ন্যূনতম ০২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।**

**৬. ০২ নং পদের জন্য পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগী সংস্থায় কাজের অভিজ্ঞতা রয়েছে এমন প্রার্থীকে অগ্রাধীকার দেওয়া হবে।**

**৭. ০৩ নং পদের জন্য ঋণসেবা কার্যক্রমে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে (অভিজ্ঞতা বাধ্যতামূলক নয়) এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।**

**৮. সকল পদে প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর। তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেএে বয়সসীমা শিথিলযোগ্য।**

**৯. আবেদনপত্র নির্বাহী পরিচালক সমন্বিত সমাজ উন্নয়ন সংস্থা (আইসিডিএ), নূর ম্যানসন (২য় তলা), সি এন্ড বি রোড, বরিশাল বরাবর আগামী ০৭/০৫/২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হল।**

নিয়োগ বিজ্ঞপ্তি www.icda-bd.org ওয়েব সাইটে পাওয়া যাবে।

১০. ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগ সংক্রান্ত বিষয়ে সংস্থার সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবেনা। **যেকোনো ধরনের তদবীর/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা মর্মে বিবেচিত হবে।**

নির্বাহী পরিচালক